## শ্রেণি ● বাংলা ● অধ্যায়ভিত্তিকপ্রশ্নেরউত্তর ও পরীক্ষা প্রস্তুতি

● গল্প: 'কে বাঁচায়, কে বাঁচে' ● কবিতা : ক্রন্দনরতা জননীর পাশে ● নাটক: বিভাব

### ❖ সঠিকউত্তরটি নির্বাচনকরো(MCQ)(Marks-1)

**1. মৃত্যুঞ্জয়ের বাজার ও কেনাকাটা করে-**

a. নিখিল b. টুনুর মা

c. সে নিজে d. চাকর ও ছোটো ভাই

**উত্তর :** d. চাকর ও ছোটো ভাই

**2. আপিস যাবার পথে মৃত্যুঞ্জয় প্রথম কী দেখল-**

a. ফুটপাথে মৃত্যু b. অনাহারে মৃত্যু

c. বস্তিবাসীর মৃত্যু d. পাগলের মৃত্যু

**উত্তর :** b. অনাহারে মৃত্যু

**3. মনে আঘাত পেলে মৃত্যুঞ্জয়ের....**

a. বমি হয় b. ঘুম পায়

c. রাগ হয় d. শরীরে তার প্রতিক্রিয়া হয়

**উত্তর :** d. শরীরে তার প্রতিক্রিয়া হয়

**4. নিখিল জীবনটা কীভাবে কাটাতে চায়-**

a. বই পড়ে আর একটা চিন্তাজগৎ গড়ে

b. সংসারধর্ম পালন করে

c. সামাজিক কাজকর্ম করে

d. অসুস্থ স্ত্রীর সেবাযত্ন করে

**উত্তর :** a. বই পড়ে আর একটা চিন্তাজগৎ গড়ে

**5. মৃত্যুঞ্জয় নিখিলের থেকে বেশি মাইনে পায়-**

a. ৩০ টাকা b. ৫০ টাকা

c. ৪০ টাকা d. ৬০ টাকা

**উত্তর :** b. ৫০ টাকা

**6. 'যথেষ্ট রিলিফ ওয়ার্ক' না-হওয়ার কারণ-**

a. টাকার অভাব b. লোকের অভাব

c. সদিচ্ছার অভাব d. পরিকল্পনার অভাব

**উত্তর :** b. লোকের অভাব

**7. 'ধিক্ ! শত ধিক্ আমাকে !-বক্তা হলেন -**

a. নিখিল b. মৃত্যুঞ্জয়

c. টুনুর মা d. মৃত্যুঞ্জয়ের ভাই

**উত্তর :** b. মৃত্যুঞ্জয়

**8. 'মৃত্যুঞ্জয় একতাড়া নোট নিখিলের সামনে রাখল ।'- টাকাটা-**

a. নিখিলকে ধার দেবে

b. রিলিফ ফান্ডে দেবে

c. নিখিলকে ঘুষ দেবে

d. অফিসের সকলকে ভূরিভোজ করাবে

**উত্তর :** b. রিলিফ ফান্ডে দেবে

**9. মৃত্যুঞ্জয়ের বাড়িতে থাকে-**

a. দশজন লোক b. পাঁচজন লোক

c. সাতজন লোক d. ন-জন লোক

**উত্তর :** d. ন-জন লোক

**10. 'খানিক পরেই আসছে ।'-কে আসছে ?**

a. মৃত্যুঞ্জয় b. নিখিল

c. ডাক্তার d. পুলিশ

**উত্তর :** a. মৃত্যুঞ্জয়

### ❖ এক কথায়উত্তরদাও(V.S.A.) (Marks-1)

**1. ''একবেলা খাওয়া ছেড়ে দিয়েছি ।''- বক্তার একাজের উদ্দেশ্য কী ছিল ?**

**উত্তর :** মন্বন্তরগ্রস্ত লোকেদের খাবার বিলিয়ে দেওয়ার উদ্দেশ্যে বক্তা মৃত্যুঞ্জয় সস্ত্রীক এক বেলা খাওয়া ছেড়ে দিয়েছিল ।

**2. মৃত্যুঞ্জয় নিখিলকে কোন কোন বিশেষণে তিরস্কার করে ?**

**উত্তর :** মৃত্যুঞ্জয় নিখিলকে 'পাশবিক স্বার্থপর' এবং 'বদ্ধ পাগল' বলে তিরস্কার করেছিল ।

**3. নিখিলের সমপদস্থ মৃত্যুঞ্জয় নিখিলের তুলনায় কত টাকা বেশি মাইনে পায় ও কেন ?**

**উত্তর :** মৃত্যুঞ্জয় ও নিখিল সমপদস্থ হলেও মৃত্যুঞ্জয়ের বেতন পঞ্চাশ টাকা বেশি । কারন সে একটা বাড়তি দায়িত্ব পালন করে ।

**4. 'অন্য সকলের মতো মৃত্যুঞ্জয়কে সেও খুব পচ্ছন্দ করে'-কী কারণে 'সে'মৃত্যুঞ্জয়কে পচ্ছন্দ করে ?**

**উত্তর :** মৃত্যুঞ্জয় ছিল নিরীহ, শান্ত, দরদি, সৎ, সরল ভালো মানুষ । কিন্তু এসব কারনে নয়, মৃত্যুঞ্জয় আদর্শবাদের কল্পনা-তাপস বলে নিখিল তাকে পচ্ছন্দ করত ।

**5. ''ওটা পাশবিক স্বার্থপরতা ।'' এখানে কোন স্বার্থপরতার কথা বলা হয়েছে ?**

**উত্তর :** দশজনকে খুন করার চেয়ে নিজেকে না খাইয়ে মারা মারা বড়ো পাপ-এই বক্তব্যকে মৃত্যুঞ্জয় একধরনের 'পাশবিক স্বার্থপরতা' বলে উল্লেখ করেছেন ।

**6. ''একটা কাজ করে দিতে হবে ভাই ।''- কাজটি কী ?**

**উত্তর :** মৃত্যুঞ্জয় অফিসের মাইনের দিন নিখিলের হাতে এক তারা নোট দিয়ে সেগুলি রিলিফ ফান্ডে জমা দেওয়ার জন্য অনুরোধ করেছিল । এখানে সেই কাজের কথাই বলা হয়েছে ।

**7. ''...এ ভাবে দেশের লোককে বাঁচানো যায় না ।''- কীভাবে ?**

**উত্তর :** মৃত্যুঞ্জয় যে সস্ত্রীক একবেলা খাবার না খেয়ে সেই খাবার দুর্ভিক্ষপীড়িতদের বিলিয়ে দেয়, তা করে দেশের লোককে বাঁচানো যায় না বলে মনে করে নিখিল ।

**8. 'নিখিলকে বারবার আসতে হয় ।'- কেন ?**

মৃত্যুঞ্জয়ের অনুপস্থিতে বাড়ির বেহাল ও শোচনীয় আবস্থা দেখে দরদ ও ভালোবাসার তাগিদে নিখিল সেখানে বার বার আসে ।

**9. অনাহারীরা সারাদিন কোথায় কোথায় পড়ে থাকত ?**

**উত্তর :** অনাহারীরা সারাদিন খোলা ফুটপাতে, বড়ো কোনো গাছের তলায়, ডাস্টবিনের ধারে পড়ে থাকত ।

**10. ''মৃত্যুঞ্জয় অফিসে যায় না'' -কোথায় যায় ?**

**উত্তর :** মৃত্যুঞ্জয় অফিসে না- গিয়ে দুর্ভিক্ষপীড়িত নিরন্ন মানুষদের সঙ্গে সঙ্গে ঘুরে বেড়ায় ।

**11. মৃত্যুঞ্জয়ের ছেলেমেয়েগুলি চেঁচিয়ে কাঁদে কেন ?**

**উত্তর :** অনাদরে, অবহেলায় এবং ক্ষুদার জ্বালায় মৃত্যুঞ্জয়ের ছেলেমেয়েগুলি চেঁচিয়ে কাঁদে ।

**12. ''মৃত্যুঞ্জয় শোনে কিন্তু চোখ দেখেই টের পাওয়া যায়''-কী টের পাওয়া যায় ?**

**উত্তর :** মৃত্যুঞ্জয় নিখিলের কথাবার্তা শোনে কিন্তু তার চোখ দেখেই টের পাওয়া যায় যে, সেই কথার অর্থ সে বুঝতে পারছে না । তার অভিজ্ঞতার কাছে 'কথার মারপ্যাঁচ অর্থহীন হয়ে গেছে' ।

**11. মৃত্যুঞ্জয়ের স্ত্রীর 'কেবলি মনে পড়ে'-**

a. সংসারের অভাবের কথা

b. স্বামীর কথা

c. ফুটপাথের লোকগুলোর কথা

d. ছেলেমেয়েদের কথা

**উত্তর :** c. ফুটপাথের লোকগুলোর কথা

**12. 'একেবারে মুষড়ে যাচ্ছেন দিনকে দিন ।'-মৃত্যুঞ্জয়ের এই মুষড়ে যাওয়ার কারণ-**

a. অন্তর্মনের হতাশা b. অফিসের অশান্তি

c. শারীরিক অসুস্থতা d. স্ত্রীর অসুস্থতা

**উত্তর :** a. অন্তর্মনের হতাশা

**13. মৃত্যুঞ্জয়ের ধুলিমলিন সিল্কের জামা এখন-**

a. পরিচ্ছন্ন হয়েছে b. ছিঁড়ে গেছে

c. অদৃশ্য হয়েছে d. নতুন হয়েছে

**উত্তর :** c. অদৃশ্য হয়েছে

**14. 'গাঁ থেকে এইছি । খেতে পাইনে বাবা । আমায় খেতে দাও!'- বক্তা হল -**

a. নিখিল b. মৃত্যুঞ্জয়

c. কথক d. টুনু

**উত্তর :** b. মৃত্যুঞ্জয়

**15. 'নিহত ভাইদের শবদেহ দেখে/না-ই যদি হয়'-**

a. রোষ b. ক্ষোভ

c. রাগ d. ক্রোধ

**উত্তর :** d. ক্রোধ

**16. 'নিহত ভাইয়ের শবদেহ দেখে' কবির মনে জাগে-**

a. করুণা b. হতাশা

c. ক্রোধ d. আতঙ্ক

**উত্তর :** c. ক্রোধ

**17. কবিতায় নিক্ষোঁজ মেয়েটির ছিন্নভিন্ন দেহ পাওয়া গিয়েছিল-**

a. পুলের নীচে b. মাঠের ধারে

c. জঙ্গলে d. নদীর ধারে

**উত্তর :** c. জঙ্গলে

**18. আমি তা পারি না ।'-কবি যা পারেন না তা হল-**

a. ঈশ্বরের দোহাই দিয়ে বসে থাকতে

b. কবিতা লিখতে

c. গান গাইতে

d. ছবি আঁকতে

**উত্তর :** a. ঈশ্বরের দোহাই দিয়ে বসে থাকতে

**19. 'যা পারি কেবল'- তা জাগে-**

a. কবিতায় b. বিবেকে

c. চেতনায় d. ভাবনায়

**উত্তর :** a. কবিতায়

**20. '....যা পারি কেবল/সে-ই কবিতায় জাগে'-কবিতায় কী জাগে-**

a. কবির বিবেক b. কবির হিংসা

c. কবির ক্রোধ d. কবির অক্ষমতা

**উত্তর :** a. কবির বিবেক

**21. কবিমনের বারুদ কখন জাগে?**

a. বিস্ফোরণের মুহূর্তে b. বিস্ফোরণের পর

c. বিস্ফোরণের পরিকল্পনায় d. বিস্ফোরণের আগে

**উত্তর :** d. বিস্ফোরণের আগে

**22. নিখোঁজ ছিন্নভিন্ন মেয়েটিকে দেখার পর কবি আর অপেক্ষা**

**13. 'সে-ই কবিতায় জাগে/আমার বিবেক'-বিবেককে কার সঙ্গে তুলনা করা হয়েছে ?**

**উত্তর :** 'ক্রান্দনরতা জননীর পাশে' কবিতায় কবি মৃদুল দাশগুপ্ত বিবেককে বিস্ফোরণের জন্য প্রস্তুত বারুদের সঙ্গে তুলনা করেছেন ।

**14. 'যা পারি কেবল'-কে, কী পারেন ?**

**উত্তর :** মৃদুল দাশগুপ্তের 'ক্রান্দনরতা জননীর পাশে' কবিতায় আক্রান্ত জন্মভূমির বিপন্নতার দিন কবি তাঁর লেখা কবিতায় নিজের বিবেককে জাগিয়ে রাখতে পারার কথা বলেছেন ।

**15. 'জঙ্গলে তাকে পেয়ে' কবির প্রতিক্রিয়া কী ?**

**উত্তর :** 'ক্রান্দনরতা জননীর পাশে' কবিতায় নিখোঁজ মেয়েটির ছিন্নভিন্ন দেহ জঙ্গলে দেখে, কবি মৃদুল দাশগুপ্ত বীরু ও দুর্বল মানুষের মতো বিধির বিচার চেয়ে আকাশের দিকে তাকিয়ে থাকতে পারেন না ।

**16. 'নিহত ভাইদের শবদেহ দেখে' কবির কী মনে হয় ?**

**উত্তর :** 'ক্রান্দনরতা জননীর পাশে' কবিতায় নিহত ভাইয়ের শবদেহ দেখে কবি মৃদুল দাশগুপ্তর মনে ক্রোধ জেগে ওঠে ।

**17. 'ক্রান্দনরতা জননীর পাশে' থাকতে না-পারলে কবির কী মনে হবে ?**

**উত্তর :** লেখা, গান গাওয়া, আঁকাআঁকির মতো সৃজনশীল কর্মকে অর্থহীন বলে মনে করেছেন ।

**18. 'এখন যদি না-থাকি' বলতে কার পাশে কখন না-থাকার কথা হয়েছে ?**

**উত্তর :** অসহায় জননী তথা দুঃখী মাতৃভূমির অসহায় পরিস্থিতে তার পাশে না-থাকার কথা বলেছেন ।

**19. আমি তা পারি না ।'-বক্তা কী পারেন না ?**

**উত্তর :** বিধির বিচার চেয়ে আকাশের দিকে তাকিয়ে থাকতে পারেন না ।

**20. 'বিভাব' নাটকে অমর গাঙ্গুলি কোন্ নাট্যদলের সঙ্গে যুক্ত ছিলেন ?**

**উত্তর :** 'বিভাব' নাটকের অমর গাঙ্গুলি 'বহুরুপী' নাট্যদলের সঙ্গে যুক্ত ছিল ।

**21. 'The night is calling me-me-me`- সংলাপটি কোন্ নাটক থেকে নেওয়া ?**

**উত্তর :** সংলাপটি জর্জ বার্নার্ড শ -এর 'ক্যান্ডিডা' নাটকের সংলাপ ।

**22. 'এই রে-পুলিশ আসছে । লাগল ঝঞ্ঝাট ।'-পুলিশ আসছিল কেন ?**

**উত্তর :** ভাত কাপড়ের দাবিতে শোভাযাত্রীদের মিছিল বন্ধ করতে পুলিশ আসছিল ।

**23. অমর গাঙ্গুলিকে স্কুলের হেডপন্ডিত প্রোমোশন দেননি কেন ?**

**উত্তর :** স্কুলের সংস্কৃত পরীক্ষায় তেরো পাওয়ায় স্কুলের হেডপন্ডিত অমর গাঙ্গুলিকে প্রোমোশন দেননি ।

**24. 'বাঙালিরা শুনি কাঁদুনে জাত'-কে কার উদ্দেশ্যে বলেছেন ?**

**উত্তর :** বল্লভভাই প্যাটেলের এই কথাটি অমর গাঙ্গুলি শম্ভু মিত্রকে উদ্দেশ্য করে বলেছেন ।

**25. 'Box office` বলেও তো একটা কথা আছে-বক্তা কখন কথাটি বলেছিল?**

**উত্তর :** ফিল্মি কায়দায় গাওয়া রবীন্দ্রসংগীত সম্পর্কে শম্ভু মিত্র আপত্তি জানালে, নেপথ্যে হারমোনিয়ামবাদক প্রতিবাদ করে প্রশ্নোদ্ধৃত মন্তব্যটি করেছিল ।

**26. 'এই পড়ে বুকে ভরসা এল-'-কী পড়ে বুকে ভরসা এল ?**

**উত্তর :** রুশদেশীয় চিত্র পরিচালক আইজেনস্টাইনের লেখায় নাট্যভঙ্গিনির্ভর কাবুকি থিয়েটারের উচ্ছ্বসিত প্রশংসা পড়ে শম্ভু

নিয়ে তাকাতে চান না-

a. জঙ্গলের দিকে    b. মানুষের দিকে
c. শহরের দিকে    d. আকাশের দিকে

উত্তর : d. আকাশের দিকে

23. ‘ইনি বহুরূপী নাট্যগোষ্ঠীর জন্মলগ্ন থেকে এই দলের সঙ্গে সম্পৃক্ত’-ইনি কে ?

a. শম্ভু মিত্র    b. তৃপ্তি মিত্র
c. অমর গাঙ্গুলি    d. শাঁওলি মিত্র

উত্তর : c. অমর গাঙ্গুলি

24. ‘বহুরূপী তখন লাটে উঠবে’-‘বহুরূপী’ একটি-

a. বিদ্যালয়    b. পাঠশালা
c. নাট্যগোষ্ঠী    d. গ্রাম

উত্তর : c. নাট্যগোষ্ঠী

25. ‘এবার নিশ্চয়ই লোকের খুব হাসি পাবে?’-সংলাপটি বলেছেন-

a. শম্ভু    b. শম্ভু ও অমর
c. বৌদি    d. অমর

উত্তর : a. শম্ভু

26. ‘হাসির খোরাক, পপুলার জিনিসের খোরাক’-কোথায় পাওয়া যাবে-

a. ঘরে    b. বাইরে
c. মাঠে    d. ঘাটে

উত্তর : b. বাইরে

27. কাল্পনিক যুদ্ধের মৃত্যুকে নাট্যকার বলেছেন-

a. ইসথেটিক মরা    b. অস্বাভাবিক মরা
c. খুব রোমান্টিক    d. অদ্ভুত মরা

উত্তর : a. ইসথেটিক মরা

28. ‘লভ সিন’-এ কোন্ বাদ্যযন্ত্রের ব্যবহার হয়েছিল-

a. বেহালা    b. সেতার
c. গিটার    d. হারমোনিয়াম

উত্তর : d. হারমোনিয়াম

29. ‘পৃথিবীতে সবচেয়ে পপুলার জিনিস হচ্ছে.’-

a. নাটক    b. গান
c. প্রেম    d. বন্ধুত্ব

উত্তর : c. প্রেম

30. ‘এমনি সময় হঠাৎই এক সাহেবের লেখা পড়লাম ।’-সাহেবের নাম-

a. আইজেনস্টাইন    b. আইনস্টাইন
c. গেরাসিম লেবেদেফ    d. জর্জ বার্নার্ড শ

উত্তর : a. আইজেনস্টাইন

31. রুশ দেশীয় এক বিখ্যাত চিত্র পরিচালক হলেন-

a. আইজেনস্টাইন    b. আইজেকস্টাইন
c. আইনস্টাইন    d. রুশো

উত্তর : a. আইজেনস্টাইন

32. ‘বিভাব’ নাটকটির অনুপ্রেরণা হল-

a. জাপানি কাবুকি নাটক    b. রবীন্দ্রনাথের নাটক
c. দ্বিজেন্দ্রলাল রায়ের নাটক    d. দীনবন্ধু মিত্রের নাটক

উত্তর : a. জাপানি কাবুকি নাটক

মিত্র বুকে সাহস পেয়েছিলেন ।

27. ‘তাই অনেক ভেবে চিন্তে আমরা একটা প্যাঁচ বের করেছি-প্যাঁচটির পরিচয় দাও ।

উত্তর : প্রয়োগকৌশল এবং ভঙ্গিনির্ভর এমন এক অভিনব নাট্যরীতিকে অবলম্বন করতে চেয়েছেন শম্ভু মিত্র, যাতে সিনসিনারি-টেবিল-বেঝচি-দরজা-জানলার পরিবর্তে কেবল একটা প্ল্যাটফর্ম হলেই চলবে ।

28. ‘তমে ঘোড়া নেইকরি চঞ্চল খবর নেই আসিবি ।’-এই নির্দেশ কে কাকে দিয়েছিল বলে বিভাব’ নাটকে উল্লেখ করা হয়েছে ?

উত্তর : ওড়িয়া এক যাত্রায় রাজা দূতকে উদ্ধৃত নির্দেশটি দিয়েছিলেন বলে ‘বিভাব’ নাটকে উল্লেখ করা হয়েছে ।

29. ‘বিভাব’ নাটকের নামকরণ হয়েছিল কীভাবে ?

উত্তর : ‘বিভাব’ নাটকে শম্ভু মিত্রের বক্তব্য থেকে জানা যায়, কোনো এক ভদ্রলোক পুরোনো নাট্যশাস্ত্র খুঁজে নাটকটির এমন নামকরণ করেছেন ।

❖ <u>কমবেশি ১৫০টি শব্দেউত্তরদাও।</u> **(Marks -5)**

1. ‘সেদিন আপিসে যাবার পথে মৃত্যুঞ্জয় প্রথম মৃত্যু দেখল-অনাহারে মৃত্যু ।’- এই ‘দেখা’-র ফলে মৃত্যুঞ্জের প্রাথমিক প্রতিক্রিয়া কী হয়েছিল ?
2. ‘নিখিল ভেবেছিল মৃত্যুঞ্জয়কে বুঝিয়ে বলবে, এ ভাবে দেশের লোককে বাঁচানো যায় না ।’ - কোন্ প্রসঙ্গে নিখিলের এ ভাবনা ? এই ভাবনার মাধ্যমে নিখিলের চরিত্রের কোন্ বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে ?
3. ‘মৃত্যুঞ্জয়ের বাড়ির অবস্থা শোচনীয় ।’- মৃত্যুঞ্জয় কে ? মৃত্যুঞ্জয়ের বাড়ির অবস্থা শোচোনীয় কেন ?
4. ‘ওটা পাশবিক স্বার্থপরতা’- কে, কোন্ বিষয়কে পাশবিক স্বর্থপরতা বলে বোঝাতে চেয়েছেন ? তার এমন ভাবার কারন কী ছিল ?
5. ‘বিভাব’ কথাটির সাধারণ অর্থ কী ? বিভাব নাটকটির নামকরণ কতখানি সার্থক তা আলোচনা করো ।
6. ‘অনেক ভেবে চিন্তে আমরা একটা প্যাচ বের করেছি ।’ উদ্ধিতাংশটির অর্থ বিশ্লেষণ করো ।
7. ‘এমনি সময় হঠাৎই এক সাহেবের লেখা পড়লাম ।’- এমনি সময় বলতে কোন পরিস্থিতির কথা বলা হয়েছে ? সাহেবের নাম কী ? তিনি কী লিখেছিলেন ?
8. ‘জীবন কোথায় ?’- কে, কাকে বলেছেন ? বক্তা জীবনকে কোথায় খুঁজে পাওয়া যাবে বলে মনে করেন ?
9. ‘এবার নিশ্চয়ই লোকের খুব হাসি পাবে ?’ বলতে নাট্যকার কী বুযিয়েছেন তা বিভাব নাটক অবলম্বনে আলোচনা করো ।
10. ‘ক্রন্দনরতা জননীর পাশে’ কবিতায় কবি জননীকে ক্রন্দনরতা বলেছেন কেন ?এই পরিস্থিতিতে কবি কী করা উচিত বলে মনে করেছেন ?
11. ‘আমি তা পারি না’- কে, কী পারেন না ? না পারার বেদনা কীভাবে কবিকে আলোড়ীত করেছে তা কবিতা অবলম্বনে আলোচনা করো ।
12. ‘নিহত ভাইয়ের শবদেহ দেখে যদি না-ই হয় ক্রোধ’-উদ্ধিতাংশটির তাৎপর্য ব্যাখা করো ।



Tinmile Road Branch
Add: Tinmile Road, Chopra, U/D.
Contact No : 9126769860

Sonapur Hat Branch
Add: Khanpara, Sonapur Hat, Chopra, U/D.
Contact No : 9563249093

Srikrishnapur Branch
Add: BangiyoGramin Bank, Srikrishnapur, U/D.
Contact No : 9679183299